



MFIs and Covid-19: Dark Clouds on the Horizon?

At normal times, any crisis in the microfinance industry--and the financial sector as a whole--usually comes with prior warning signals that can be spotted by the industry experts. But with the Covid-19 pandemic, dark clouds have gathered suddenly over the microfinance sector along with multiple risks. In Bangladesh, the MFIs are well known for providing, along with financial services, an array of nonfinancial services using their customer-centric social model covering tailor-made products and services including livelihoods and income generating activities, health and wellbeing, education and skill development, crisis-coping and disaster mitigation, relief and rehabilitation, accessing social capital and state institutions, and technology and information. These services provide critical support to the poor and disadvantaged customers particularly in times of crisis such as Covid-19.

The InM online survey after the Covid-19 pandemic outbreak in Bangladesh in cooperation with the FIN-B members and other MFIs shows devastating consequences of the pandemic on MFI activities e.g. many MFI branches had to be closed down; collection, disbursement, and savings have drastically gone down; delinquencies have

increased; individual and microenterprise borrowers have suffered from lost revenues; wholesale lenders have reduced credit flows to the MFIs and many others affecting the delivery of both financial and nonfinancial services.

Further, the survey brings out two major concerns of the MFIs: decline in portfolio quality and liquidity and solvency crisis. There has been sharp increase in nonperforming and restructured loans during the pandemic with little capitalisation to mitigate the risk of insolvency especially for the medium and small MFIs.

The PAR30 (loans in arrears for over 30 days) is the most common indicator of quality of the portfolio performance of the MFIs; and the InM survey shows some warning signs. It shows that the growing portfolio at risk (PAR) is the greatest financial challenge faced by the MFIs during Covid-19. Nearly 93 per cent of the MFIs report sharp rises in their PAR levels during the Covid-19 period compared with their pre Covid-19 levels. Among the medium MFIs, 59 per cent and, among the small MFIs, 55 per cent have experienced a more than doubling of their PAR; while 35 per cent of both small and medium MFIs report a doubling of PAR over their pre Covid-19

levels.

The PAR levels of small MFIs are higher, we might expect them to be under greater strain, but they usually have higher equity levels, which somewhat mitigates the insolvency risk. Our data also show that smaller MFIs have lower levels of restructured portfolios. At the other end of the spectrum, larger MFIs have lower equity, but they also have much lower PAR30 levels. It's the medium-sized MFIs that appear to be getting squeezed.

However, it is also important to note that at least a part of the increase in PAR is likely to be due to declining portfolio growth. A growing portfolio can mask underlying weaknesses. When growth does not occur, PAR levels increase, and that could be one of the likely drivers of the PAR spike during the pandemic. Nevertheless, irrespective of the size category, most MFIs face similar financial difficulties due to the pandemic, such as deterioration in outstanding loan portfolio, high rates of savings withdrawal by members and difficulties in repaying MFIs' borrowed fund to the banks and/or other borrowing agencies.

Another related issue is loan restructuring and moratoria which adds to the uncertain environment of the MFIs. Obviously, high PAR30 levels lower the portfolio quality of the MFIs; which may trigger write-offs but that is a follow-up outcome which most MFIs are yet to encounter. Moreover, the more significant aspect of the Covid-19 pandemic is the loan that has been restructured, including those restructured due to Covid-19 moratoria on principal and interest mandated by the government through MRA and/or voluntarily provided by the MFIs.

The InM survey shows high levels of restructured loans. These, along with the PAR30 loans, are the 'portfolios-to-worry' for the MFIs. At present, these portfolios show the signs of gathering clouds at a distance, but whether there would be any serious storm is yet to be seen. But the uncertainty is especially marked; and it is time to adopt measures to withstand the potential shock.

An important pathway for the MFIs for meeting the present challenges is through capitalisation. The critical defense can be built through equity, which can absorb unexpected loan losses. If an MFI can acquire higher level of equity than the volume of its portfolio-to-worry, then it can struggle rather successfully through the troubles depending on the severity of the crisis. Further, although a relatively low equity-to-assets ratio may be sufficient for an MFI to survive economically, but the capital adequacy requirements imposed by the regulators (e.g. MRA) may be based on different considerations.

However, the liquidity crisis is still not so serious for the large and many medium MFIs due to liquidity support provided by the government and other funding sources, reduced demand for lending due to Covid-19, reductions in operational expenditures and other economising measures. Further, there are other challenges for the MFIs including increased cost of funds, reduced credit lines, unexpected income loss of the borrowers, delays in installment collections, and forced usage of capital funds for operational expenses especially for the small MFIs. Despite several adverse developments and justifiable concerns, a microfinance sector-wide liquidity crisis is, however, less likely to occur although the small and medium MFIs are bearing the brunt of the burden.

Overall, the adverse circumstances facing the microfinance sector demand prompt measures to bring stability in the sector. The measures should cover a number of areas including a rapid assessment of the cash flow and liquidity situation and support to revise business plans accordingly; creating long term arrangements with the banks (with surplus fund) to provide liquidity support to kick-start resumption and sustainability of microfinance operations; adjustments in regulatory framework to remove artificial and market distorting barriers; exploring the potential (with banks, other financial institutions, interested investors, donors etc.) for a large-scale blended securitisation of wholesale microfinance assets managed by domestic commercial banks and remittance streams (to secure better rates) and others to fit specific requirements.

Covid-19 Pandemic and the Looming Crisis in Microfinance Sector

The experience of grassroots development in Bangladesh by both the government and the NGO-MFIs since independence clearly shows that development occurs more readily when individual capabilities are allowed to flourish through using own skills, knowledge, experiences, and strengths to pursue a way of life and standard of living which they value. In the process, the MFIs in Bangladesh have developed a strong trust through direct communications and regular interactions with their customers. The impact of Covid-19 has been severe on regular activities of the MFIs distressing both the poor customers and the MFIs themselves. Still, it is uncertain exactly when the pandemic will be over and how long its effects will last. The key issue for the MFIs is to resume their normal operations at the earliest opportunity.

No doubt, the MFIs are major players in providing financial services to the poor and disadvantaged in Bangladesh. There are more than 30 million individuals and 2 million small businesses under the microfinance network; and these are the part of the 'missing middle' in the formal bank credit market. Over time, the horizon of MFIs has expanded; micro loan products have been diversified to include both financial and non-financial products. The MFIs can also exercise enough flexibility to deal with predicaments in the form of rescheduling of loan repayments or accessing emergency loans during any natural crisis or other disasters. With capacity to provide tailored services and cultivation of mutual

trusts and confidence, MFIs have a high degree of resilience during any crisis and can recover from any adversities within a short time.

For their operations, MFIs depends on several sources of funding, such as member savings, cumulative net surplus, borrowings from banks and PKSF, and others. They use their 'own sources' and 'other sources' for conducting loan and other operations. Using 'own sources' offers advantages to the MFIs in the form of 'quick disbursement', 'flexibility in terms and conditions' and 'flexibility and control'. However, higher profit margin or greater cost of funds is a key challenge for using 'own funds'. There are instances of using other sources of funds like PKSF, donor or government's soft funds by the MFIs. Generally, the use of the 'other sources' offers advantages to the MFIs in the form of 'availability of low cost of fund'. However, a complex set of formalities, terms and conditions, and the time consuming nature of the process are amongst the challenges that the MFIs face.

InM's study on operational and financial difficulties faced by MFIs during Covid-19 shows that more than 88 per cent of the MFIs have difficulties of their staff in meeting with the borrowers at the field while 85 per cent face problems in delivering nonfinancial services to their customers. Around 82 per cent of MFIs report difficulties in collecting loan repayments; whereas 75 per cent have difficulties in disbursing new loans to members. These operational difficulties have also triggered other major short- and long-term

financial challenges for MFIs including rising portfolio at risk (PAR), difficulties in portfolio and risk management, mass withdrawal of savings by the members, and worsening liquidity crisis. Among the major problems, the growing PAR is the greatest financial challenge that they have encountered due to the pandemic. Around 93 per cent of the MFIs face rising PAR.

Irrespective of their size category, most MFIs face similar financial difficulties due to the pandemic. About 85 per cent of the MFIs face deterioration in outstanding loan portfolio and 80 per cent face the problem of high rates of savings withdrawal by the borrowers. Around 78 per cent of the MFIs face difficulties in repaying their borrowed funds to the banks and/or other lending agencies. More than 73 per cent of the MFIs have inadequate equity capital to cope with the Covid-19 crisis. The MFIs strongly recognise that they are probably passing through one of the most difficult times in their long history of existence in the country.

Another online InM survey shows that during January-March 2020, the number of new loans declined by more than 29 per cent although the number of active members declined by 4 per cent; while the number of members who are regular savers declined by 36 per cent. The average loan disbursement has also reduced by about 25 per cent and average outstanding loan amount has decreased by about 7 per cent indicating fewer new loan disbursements by the MFIs. Moreover, around 94 per cent of the MFIs have negative net earnings during the pandemic. The MFIs on average report a repayment rate of just 63 per cent over the post Covid-19 period compared with nearly 100 per cent during the earlier periods. During the pandemic time, MFIs have also been facing huge cash flow crisis. As a result, the MFIs are operating at a limited scale. Around 70 per cent of MFIs report that they are facing a very high demand for new loans (estimated at 37 per cent) from the borrowers during the post Covid-19 period relative to the earlier period. But they are unable to meet the emergency

needs due to reduced repayment rates of the existing borrowers, desperate liquidity crisis, and other adverse developments resulting from the crisis.

To recover from the crisis most of the MFIs have initiated some policy action such as adopting mobile financial services to disburse loan and emergency grants, health and hygiene awareness programmes in response to Covid-19 on a regular basis, using their own reserve funds to continue the operation. But these are highly inadequate relative to the scale of the problems which demands support from the government through targeted 'stimulus package' for the MFIs along with other support measures. Their requirement is for both short and long term measures. Along with this, they need an effective response framework that will ensure the success and sustainability of the efforts of the MFIs, The key will be to extend the horizon of the country's development paradigm to improve the overall living standards of the people in a risk sensitive manner.



ওয়েবিনার সারসংক্ষেপ

‘গ্রামীণ দরিদ্র জনগণ ও ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের উপর কোভিড-১৯ এর প্রভাব’ শীর্ষক অনলাইন সেমিনার

ইনস্টিটিউট ফর ইনক্লুসিভ ফিন্যান্স এন্ড ডেভেলপমেন্ট (আইএনএম) এবং কনসার্ন ওয়ার্ল্ড ওয়াইড, বাংলাদেশ এর উদ্যোগে বিগত ৫ নভেম্বর ২০২০ একটি যৌথ অনলাইন সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সেপ্টেম্বর মাসে আইএনএম পরিচালিত অনলাইন জরিপের ভিত্তিতে প্রস্তুতকৃত ‘কোভিড-১৯ এবং বাংলাদেশের এমএফআই: ঝুঁকি মোকাবিলার সক্ষমতা অর্জনে করণীয়’ গবেষণাপত্রটির সারাংশ উপস্থাপন করা হয়। এছাড়াও কনসার্ন ওয়ার্ল্ড ওয়াইড এর পক্ষ হতে কোভিড-১৯ প্রেক্ষাপটে আর্থিক অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে নারী ও যুবসমাজের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় প্রকল্প এলাকার দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠীর জীবিকায়নের দুর্ভোগ উত্তরণের জন্য গৃহীত কার্যক্রমের ফলাফল পর্যালোচনা করা হয়। সভায় সভাপতিত্ব করেন ড. কাজী খলীকুজ্জমান আহমদ, চেয়ারম্যান, আইএনএম। প্যানেলিষ্ট হিসেবে উপস্থিত ছিলেন ড. আতিউর রহমান, বঙ্গবন্ধু চেয়ার, ইউনিভার্সিটি অফ ঢাকা এবং ড. হিত্তা ফিজেরান্ড, ডিরেক্টর প্রোগ্রাম, কনসার্ন ওয়ার্ল্ড ওয়াইড, বাংলাদেশ। শতাধিক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রতিনিধি অধিবেশনে অংশগ্রহণ করেন।

ড. মোস্তফা কে মুজেরী, নির্বাহী পরিচালক, আইএনএম উপস্থিত সবাই কে স্বাগত জানিয়ে অনুষ্ঠান শুরু করেন। তিনি বলেন যে অধিবেশনের মূল লক্ষ্য হচ্ছে কোভিড-১৯ ঝুঁকি মোকাবিলার সক্ষমতা অর্জনে এমএফআইদের করণীয় সম্পর্কে মাঠ পর্যায়ে অভিজ্ঞতা বিনিময় ও আশু করণীয় ব্যবস্থা সম্পর্কে সম্যক ধারণা লাভ করা যাতে বেশির ভাগ অংশগ্রহণকারী এমএফআই প্রতিনিধি যারা প্রান্তিক জনগোষ্ঠী নিয়ে কাজ করেন তারা উপকৃত হতে পারেন। তিনি বলেন যে আজকের অধিবেশনে যে দুটি গবেষণাপত্র উপস্থাপিত হবে তার প্রথমটি মূলত কোভিড-১৯ এর কারণে এমএফআইদের বিভিন্ন সমস্যা ও তা মোকাবিলার জন্য তাদের প্রস্তুতি নিয়ে মাঠ পর্যায়ে বাস্তবতার আলোকে করণীয় বিষয়গুলো নির্ধারণ এবং দ্বিতীয়টিতে কনসার্ন ওয়ার্ল্ড ওয়াইড এর আর্থিক অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে নারী ও যুবদের ক্ষমতায়ন প্রকল্পে কোভিড-১৯ এর প্রভাব এবং তা থেকে উত্তরণের জন্য গৃহীত পদক্ষেপের পর্যালোচনা। তিনি বলেন বাংলাদেশের বর্তমান কোভিড-১৯ এর প্রেক্ষাপটে এই বিষয় দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি অধিবেশনের সভাপতি ড. কাজী খলীকুজ্জমান আহমদ, চেয়ারম্যান, আইএনএম কে ধন্যবাদ জানিয়ে সভা পরিচালনা করার জন্য আমন্ত্রণ জানান।

ড. কাজী খলীকুজ্জমান আহমদ, চেয়ারম্যান, আইএনএম উদ্বোধনী বক্তব্য প্রদান কালে দেশের সকল সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর সংকট মোকাবিলার সমায়োগ্যোগী ও টেকসই পন্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন যে কার্যকরী পদক্ষেপের মাধ্যমে কোভিড-১৯ মোকাবিলা করে বাংলাদেশকে

এগিয়ে যেতে হবে। গ্রামীণ অর্থনীতি, নারী, শিশু, পিছিয়ে পরা জনগোষ্ঠী এবং কোভিডের কারণে নতুন করে যারা পিছিয়ে পড়ছেন তাদের আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে। টেকসই উন্নয়নের জন্য কাউকে বাদ দেয়া গ্রহণযোগ্য হতে পারে না। এ সমস্ত বিষয়কে মাথায় রেখে বর্তমান পরিস্থিতির মূল্যায়ন করা দরকার। বর্তমান পরিস্থিতি বিবেচনা করে যদি সঠিক পদক্ষেপ গ্রহণ করা যায় তবেই আমাদের পক্ষে টেকসই উন্নয়ন সম্ভবপর হবে। তিনি সারা দেশ থেকে অংশগ্রহণকারী এমএফআই প্রতিনিধিদের স্বাগত জানান এবং গবেষণাপত্র উপস্থাপনের আহ্বান জানান।

আইএনএম এর পক্ষ থেকে ‘কোভিড-১৯ এবং বাংলাদেশের এমএফআই: ঝুঁকি মোকাবিলার সক্ষমতা অর্জনে করণীয়’ শীর্ষক গবেষণাপত্র উপস্থাপন করেন ড. ফারহানা নাগিস, রিসার্চ ফেলো, আইএনএম। অনলাইন জরিপের ভিত্তিতে প্রস্তুতকৃত গবেষণাটিতে কোভিড-১৯ সময়কালে এমএফআই গুলোর আর্থিক এবং অপারেশনাল চ্যালেঞ্জসমূহ এবং এই সঙ্কট থেকে উত্তরণের সম্ভাব্য উপায়সমূহ উপস্থাপন করা হয়। গবেষণাটিতে দেখা যায় যে প্রায় ৯৩ শতাংশ এমএফআই এর পোর্টফোলিও কোভিড পূর্ববর্তী সময়ের তুলনায় মারাত্মক ঝুঁকির মধ্যে পড়েছে। ৮৫ শতাংশেরও বেশী এমএফআই মাঠ পর্যায়ে ঋণগ্রহীতাদের সাথে সাক্ষাতের ক্ষেত্রে সমস্যার মুখোমুখি হয়েছে এবং ৮৮ শতাংশ এমএফআই বিভিন্ন প্রকারের অ-আর্থিক সেবা প্রদানের ক্ষেত্রে বাধার সম্মুখীন হয়েছে। প্রায় ৮৩ শতাংশ এমএফআই ঋণের কিস্তি সংগ্রহের ক্ষেত্রে এবং ৭৩ শতাংশ এমএফআই নতুন ঋণ বিতরণের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হয়েছে। জরিপকৃত ৭৮ শতাংশ এমএফআই ব্যাংক এবং অন্যান্য ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর ঋণ পরিশোধের ক্ষেত্রে কঠিন সময় পার করেছে। কোভিড পরিস্থিতিতে সরকার কর্তৃক প্রদেয় সহযোগিতা ৭১ শতাংশ এমএফআই এর কাছে পৌছায়নি। কোভিড-১৯ সংকট থেকে পুনরুদ্ধারের উপায়সমূহ হিসেবে উঠে এসেছে, ঋণ গ্রহণকারী পরিবার এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের প্রাথমিক উপার্জনের নিরাপত্তা নিশ্চিতকরণে পদক্ষেপ গ্রহণ, মাঝারি এবং ছোটো এমএফআইগুলোর জন্য বিশেষ নীতিমালা প্রণয়ন, ঋণ পরিশোধের একটি সুনির্দিষ্ট নীতিমালা প্রস্তুতকরণ, বিকল্প অর্থায়নের উৎস অন্বেষণ, ডিজিটালাইজেশন, নিয়ন্ত্রণ কাঠামোতে পরিবর্তন, সহযোগিতামূলক পরিকল্পনা প্রণয়ন ও কৌশল বাস্তবায়ন।

কনসার্ন ওয়ার্ল্ড ওয়াইড এর পক্ষ হতে ‘আর্থিক অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে নারী ও যুবদের ক্ষমতায়ন’ শীর্ষক গবেষণা পত্র উপস্থাপন করেন সাইদ মাহমুদ রিয়াদ, প্রোগ্রাম প্রধান, কনসার্ন ওয়ার্ল্ড ওয়াইড। কুড়িগ্রামের প্রত্যন্ত চরাঞ্চল, কুড়িগ্রাম সদর এবং উলিপুর উপজেলায় প্রায় ১৩,০০০ হতদরিদ্র জনগোষ্ঠীর আর্থসামাজিক সহনশীলতা বৃদ্ধির প্রকল্পটি ট্রিকল আপ,

মেটলাইফ ফাউন্ডেশন এবং আর.ডি.আর.এস. বাংলাদেশের সহযোগীতায় বাস্তবায়িত হচ্ছে। বাংলাদেশ সরকারের সামাজিক সুরক্ষার আওতায় থাকা অতিদরিদ্র জনগোষ্ঠীর মধ্য হতে ৬০০ স্বত্বভোগীকে এই কনসার্ন ওয়ার্ল্ড ওয়াইড প্রকল্পের আওতায় আনা হয়েছে। মূল উদ্দেশ্য সরকারের ভিজিডি প্রোগ্রামের স্বত্বভোগীদের একই সাথে কার্যকর উন্নয়ন প্রকল্পের আওতায় নিয়ে তার প্রভাব এবং কার্যকারিতা বিশ্লেষণ। কনসার্ন ওয়ার্ল্ড ওয়াইড এই প্রকল্পে এডাপ্টিভ গ্রাজুয়েশন, আর্থিক অন্তর্ভুক্তি এবং সেলফ হেল্প গ্রুপ তৈরীর মাধ্যমে টেকসই উন্নয়ন সূচনা করার প্রচেষ্টা নিয়োছে। এখন পর্যন্ত প্রকল্পের ফলাফল হিসেবে প্রায় ৬৩৭ টি সেলফ হেল্প গ্রুপ গঠন করা হয়েছে, যাদেরকে জীবিকায়ন, দুর্যোগ ব্যবস্থাপনা, দল ব্যবস্থাপনা, বিপণন, ভ্যালু চেইন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ১০৭৮ জন অতিদরিদ্রদের মাঝে মোট ৬৪,৩৮,২০০ টাকা অনুদান বিতরণ করা হয়েছে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে। ১৩,০০০ উপকারভোগীর সকলের রকেট মোবাইল একাউন্ট রয়েছে। স্কিল ট্রেনিং দেয়া হয়েছে ২০০ জন তরুণ কে। জরিপ থেকে যে উল্লেখযোগ্য ফলাফল পাওয়া গেছে তা থেকে প্রতীয়মান হয় যে উৎপাদনশীল সম্পদের মূল্যমান ২৮৬ ডলার থেকে বেড়ে ৪৮৯ ডলার হয়েছে। পরিবারের সঞ্চয় ৩৩ ডলার থেকে বেড়ে ৬৪ ডলার হয়েছে। যে ১২,৪০০ জনকে আর্থিক অন্তর্ভুক্তির আওতায় নিয়ে আসার লক্ষ্য ছিল সেটা শতভাগ অর্জিত হয়েছে। আর্থিক পরিষেবা সংক্রান্ত তথ্যাদি প্রাপ্তির ক্ষেত্রে এবং নারীদের সিদ্ধান্ত গ্রহণের সচেতনতা বৃদ্ধির সূচকটি ১১ শতাংশ থেকে বেড়ে নব্বই শতাংশের উপরে এসেছে। আরডিআরএস এর মাঠ পর্যায়ের উপস্থাপনা থেকে উঠে এসেছে বর্তমান কোভিড পরিস্থিতিতে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলো থেকে প্রাপ্ত প্রতিক্রিয়া এর মধ্যে উল্লেখযোগ্য হলো ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলো ব্যয় এবং বিধবাদের ঋণ প্রদানে খুব একটা আগ্রহী নয়। চর এলাকায় ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কার্যক্রম নেই বললেই চলে। পরিবারগুলোর স্থিতিশীল আয়ের ব্যবস্থা নেই এবং সর্বোপরি আস্থার ঘাটতি রয়েছে। কোভিডের কারণে আয়ের ওপর প্রভাব পড়ার সাথে সাথে ৮০ শতাংশ অতিদরিদ্র এবং ৬৮ শতাংশ দরিদ্র জনগোষ্ঠী খাবারের পরিমাণ এবং গুণগতমান হ্রাস করতে বাধ্য হয়েছে। ৯৭ শতাংশ অতিদরিদ্র এবং ৯৫ শতাংশ দরিদ্র পরিবারের আয় কমে গিয়েছে। ৬১ শতাংশ দরিদ্র লোককে তাদের গবাদি পশু বিক্রি করতে হয়েছে। বীজ, সার এবং অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ ব্যহত হওয়ার কারণে কৃষি উৎপাদন ক্ষতিগ্রস্ত হয়েছে। সকল ধরনের আর্থসামাজিক কার্যক্রম বন্ধ হওয়ার কারণে বিশেষ করে দিনমজুর, রিকশা/ভ্যান চালক, ছোট ব্যবসায়ী, ইজি বাইক চালক ইত্যাদি যারা প্রকল্প এলাকায় এবং প্রকল্প এলাকার বাইরে কাজ করেন তাদের প্রায় ৯৫ শতাংশ বেকার হয়ে পড়েছে। ২০ শতাংশ মানুষ যথাযথ স্বাস্থ্যসুরক্ষা ব্যবস্থা গ্রহণ করতে পারছে না। 'আর্থিক অন্তর্ভুক্তি করণের মাধ্যমে নারী ও যুবদের ক্ষমতায়ন প্রকল্প কর্তৃক গৃহীত কোভিড কার্যক্রম এর মধ্যে রয়েছে -

- মাইকিং এর মাধ্যমে প্রকল্প এলাকায় কোভিড সতর্ক বার্তা প্রচারের মাধ্যমে জনগণকে সচেতন করা।
- হাতে-কলমে স্বাস্থ্য সুরক্ষার বিষয়গুলি প্রকল্পের আওতাধীন পরিবারসহ প্রকল্প এলাকার লোকজনকে প্রদর্শন করা।
- রেডিও চিলমারী এফএম ৯৯.৬'র মাধ্যমে প্রতিদিন কোভিড বার্তা প্রচার করা হচ্ছে এবং এতে প্রায় ৫০০,০০০ জনগোষ্ঠী উপকৃত হচ্ছে।
- ইউপি, উপজেলা, জেলা এবং সিভিল সার্জন অফিসের সাথে সমন্বয় করে কাজ পরিচালনা।
- কোভিডে ক্ষতিগ্রস্ত দরিদ্র ও অতিদরিদ্র পরিবারগুলোকে সরকারী-বেসরকারী পর্যায় থেকে সহায়তা পাওয়ার ব্যাপারে সহায়তা প্রদান। এ পর্যন্ত ৩,৫৪৯ উপকারভোগী সরকারী-বেসরকারী সহায়তা পেয়েছে।
- কোভিডে বেশী ক্ষতিগ্রস্ত ৩৭৫ পরিবারের মাঝে প্রতিটি পরিবারকে এককালীন ৩,৫০০ টাকা বিতরণ করা হবে।

উপস্থাপনা শেষে অংশগ্রহনকারীদের একটি মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয় যেখানে এমএফআই প্রতিনিধিরা তাদের বিভিন্ন সমস্যার কথা উপস্থাপন করেন বিশেষ করে, মাঠপর্যায়ে ঋণ সংগ্রহে অসুবিধা, ক্ষুদ্র এমএফআইগুলোর তারল্য সঙ্কট, সরকারের প্রণোদনা প্যাকেজ নেয়ার জন্য ব্যাংক এ বাধ্যতামূলক ২০ শতাংশ এফডিআর করা, এমএফআইদের পূর্বের ঋণ পরিশোধে সমস্যা ইত্যাদি।

ড. আতিউর রহমান তার বক্তব্য প্রদানকালে বলেন যে ক্ষুদ্র এবং মাঝারি এমএফআইগুলোর তারল্য সংকট একটি বড় শঙ্কার বিষয়। এক দিকে তারা তাদের বিতরণকৃত ঋণ তুলতে পারছে না, অপর দিকে তারা নতুন করে ঋণ দিতে পারছে না। ব্যাংক এ পর্যাপ্ত ফান্ড আছে এবং সরকারও অনেক ধরনের নীতি শিথিল করেছে। এমএফআইগুলোর মাত্র ১৩ শতাংশ ফান্ড আসে ব্যাংক থেকে আর বাকি সবটাই তাদের নিজস্ব অর্থায়ন। এই ১৩ শতাংশ ফান্ডও তারা ব্যাংক থেকে নিতে পারছে না। সরকার প্রদেয়

সুবিধাদি এখনও সকল এমএফআইগুলোর কাছে যাচ্ছে না। এক্ষেত্রে কেন এমএফআইগুলো প্রণোদনার সুবিধা নিতে পারছে না এবং কিভাবে সঙ্কট থেকে উত্তরণ সম্ভব তার প্রচেষ্টা নিতে হবে। শুধুমাত্র আর্থিক প্রণোদনা নয়, সহজ নিয়মনীতি বাস্তবায়নও একধরনের কার্যকরী প্রণোদনা। তিনি আরও বলেন যে চরের মানুষ আরও খারাপ অবস্থায় আছে কোভিডের কারণে যা কনসার্ন ওয়ার্ল্ড ওয়াইড এর উপস্থাপনায় উঠে এসেছে। তিনি সকল পর্যায়ে ডিজিটলাইজেশন এবং গ্রামীণ পণ্যের বাজারজাতকরণ এর ক্ষেত্রে ই-কমার্স এর ওপর গুরুত্ব প্রদান করেন। তিনি বলেন যে বাংলাদেশ অন্যান্য অনেক দেশের চেয়ে এই কোভিড পরিস্থিতি ভালভাবে মোকাবিলা করছে মূলত এই সংগঠন গুলোর মাঠ পর্যায়ে বাস্তবায়িত কর্মসূচীর ফলশ্রুতিতে। এমএফআই গুলো গ্রামীণ জনগোষ্ঠীর সাথে মাঠপর্যায়ে কাজ করছে এবং গ্রামীণ অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তিনি তার বক্তব্যে এমএফআইগুলোর সুরক্ষায় সরকার, পিকেএসএফ, এমআরএ, সিডিএফ ও নীতি নির্ধারকদের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি ক্ষুদ্রঋণ এর স্থলে টেকসই

ঋণ ধারণা গ্রহণের প্রস্তাব রাখেন।

ড. ছিত্তা ফিজেরাল্ড, ডিরেক্টর প্রোগ্রাম, কনসার্ন ওয়ার্ল্ড ওয়াইড, বাংলাদেশ, বলেন যে কোভিড পরিস্থিতিতে দুইটি গবেষণা প্রবন্ধই খুব সমন্বয়যোগ্য কারণ কোভিড-১৯ মোকাবিলায় সমস্যা চিহ্নিতকরণ ও তা মোকাবিলায় পদক্ষেপ গ্রহণ অতি জরুরি। তিনি সামাজিক সুরক্ষা, আর্থিক প্রণোদনা, প্রশিক্ষণ ইত্যাদি কার্যক্রমের প্রতি জোর দেন। তিনি বলেন যে কনসার্ন ওয়ার্ল্ড ওয়াইড এবং আরডিআরএস এর প্রোগ্রামটি সম্পূর্ণ প্রান্তিক নারীদের নিয়ে এবং ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের বেশির ভাগ ঋণ গ্রহীতাই নারী। তিনি কোভিড পরিস্থিতিতে প্রান্তিক জনগোষ্ঠীর নারী ঋণ গ্রহীতাদের সুরক্ষা প্রদানের প্রতি মনোযোগ আকর্ষণ করেন।

সভাপতি ড. কাজী খলীকুজ্জমান আহমদ তার সমাপনী বক্তব্যে বলেন যে, বাংলাদেশ বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নে খুবই দ্রুত অগ্রগতি অর্জন করেছে যা

কোভিড-১৯ এবং বন্যার কারণে সাময়িকভাবে বাধাগ্রস্ত হয়েছে। ক্ষুদ্র আর্থিক প্রতিষ্ঠান গুলোর কার্যক্রমও ব্যাপক ভাবে বাধাপ্রাপ্ত হয়েছে। মে মাসের শুরু থেকে স্বল্প পরিসরে ক্ষুদ্র আর্থিক প্রতিষ্ঠান গুলোর কার্যক্রম আবার শুরু হয়েছে। তিনি পিকেএসএফ থেকে ৩৫০০ কোটি টাকার ফান্ড বরাদ্দের কথা বলেন যা দ্রুতই বাস্তবায়িত হবে। এছাড়া সরকার থেকে প্রাপ্ত ২৫০ কোটি টাকার ফান্ড ইতিমধ্যেই বিতরণ করা হয়েছে। ব্যাংক থেকে কৃষি ঋণ বা অন্যান্য ঋণ দ্রুত বিতরণ করা যাচ্ছে না বিভিন্ন বাধার কারণে। এমএফআইগুলো ব্যাংক থেকে প্রয়োজনমত ঋণ পাচ্ছে না বিভিন্ন অসুবিধার কারণে। ক্ষুদ্র আর্থিক প্রতিষ্ঠান গুলোর সমস্যা মোকাবিলায় পিকেএসএফ থেকে মাঠ পর্যায়ে নজরদারি করা হচ্ছে। তিনি বর্তমান পরিস্থিতি থেকে শিক্ষা নিয়ে, সামনে এগিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন। পরিশেষে তিনি সকল অংশগ্রহণকারীকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে প্রায় ২.৩০ ঘন্টার ওয়েবিনারটির পরিসমাপ্তি ঘোষণা করেন।



চিত্রঃ ওয়েবিনারের কিছু আলোক চিত্র